Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে পৌষ বুধবার ১৩৬৬ ইংরাজী 13th Jan. 1960 { ৩৫শ সংখ্যা





মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত জিনিষ যদি চান তা হ'লে

আরতির

### "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৮শে পৌষ বুধবার সন ১৩৬৬ সাল।

# হায় মা ভারত! দুর্নীতি-আড়ত কতদিন হ'য়ে রহিবি তুই!

—•—

স্বাধীনতা লাভ করিবার বহু পূর্ব্ব হইতে আমরা যাদের ভারতের সুসন্তান এবং ভারতবাসীদের ভাগ্যবিধাতাদের মুখ্য পাত্রের পাঁইতাড়ার বক্তৃতাতে পুনঃ পুনঃ বলিতে শুনিয়াছি—আমরা যেদিন ক্ষমতা পাইব দুর্নীতিপরায়ণ কালোবাজারীদের আর খাদ্যে যারা ভেজাল মিশায় তাদের ধ'রে ধ'রে নিকটস্থ "লাইট পোষ্টে" ফাঁসি দিব।

স্বাধীনতা আসিল, ক্ষমতাঃ মিলিল। এখন সমানে ভাষণ ছাড়া আর কোন যোগ্যতা ভারত-বাসীর দুর্ভাগ্য প্রশমনার্থে দেখা গেল না। তবে "ভাষণ অন্য বানানে অর্থাৎ ষ মূর্দ্ধন্য য, স আকারসহ 'সা' হইয়া দেশ ভাসাইয়া ভাল চোক কাণা করার মত দেশের খাদ্য, বাস-ভবন অর্থাৎ খাওয়া ও থাকার ঘর নষ্ট করিয়া লোককে পথের ভিকারী করিয়া ছাড়িল। দুর্নীতিপরায়ণ চোরে দেশ ভরিয়া গিয়াছে। আবার এই সব চোরের মুরুব্বি এত জুটিয়া গিয়াছে, যে অপরাধ ধরা পড়িতে পারে তার তদন্তই হইতে পায় না।

কেন্দ্রীয় প্রাক্তন অর্থ মন্ত্রীর অপরাধ তদন্তে নিযুক্ত চাগলা কমিটি তদন্তকালে মন্ত্রী মহাশয় পদে অপদস্থ হয় হয় সময় পদে ইস্তফা দিয়া স্বস্থানে প্রস্থান করার সময় লাইট পোষ্টে ফাঁসির ব্যবস্থা যাঁর ভাষণে শোনা গিয়াছিল তিনিই পদত্যাগীকে সাদরে চর্ব্ব-চোষ্য-লেহ্য-পেয় ভোজন করাইয়া সাদরে আলিঙ্গন করিয়া সরকারী বিমানে শ্রীমান্‌কে আরোহণ করাইয়া স্বগৃহে যাইবার ব্যবস্থা করিয়া দিলেন। পদত্যাগী লাঞ্ছিত বাঞ্ছিত ফল প্রাপ্ত হইলেন। তাঁহার তিরস্কৃত হইবার পরিবর্ত্তে পুরস্কার লাভ ঘটিল।

কিছুদিন আগে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এবং বর্ত্তমানে বিশ্ববিদ্যালয় অর্থমঞ্জুরী কমিশনের চেয়ার-ম্যান শ্রীচিন্তামন দেশমুখ এক বক্তৃতাকালে বলেন যে, দুর্নীতি দূর করার উদ্দেশ্যে যদি কোন উচ্চ ক্ষমতাসম্পন্ন ট্রাইব্যুনাল গঠিত হয়, তবে তিনি বৃহৎ দুর্নীতির বেশ কিছু ঘটনা ট্রাইব্যুনাল সমক্ষে পেশ করিতে রাজী আছেন এবং স্বয়ং এ ব্যাপারে সাক্ষ্য দিতেও প্রস্তুত আছেন। শ্রীযুক্ত দেশমুখের এই বক্তৃতায় স্বভাবতঃই চাঞ্চল্যের সৃষ্টি হয় এবং জাতীয় ট্রাইব্যুনাল গঠনের প্রশ্নও বিশেষ গুরুত্ব অর্জ্জন করে। কিন্তু শ্রীযুক্ত দেশমুখের এই প্রস্তাব ক্ষমতাসীন দলের নিকট আদৌ মুখরোচক হয় নাই। সাংবাদিক সম্মেলনে প্রধান মন্ত্রী নেহরু বলিয়াছেন, "কেন্দ্রীয় সরকার এবং কংগ্রেস ওয়ার্কিং কমিটী উভয়েই উচ্চক্ষমতাসম্পন্ন ট্রাইব্যুনাল গঠনের বিরোধী। কারণ কি? কারণ "এইরূপ কোন ট্রাইব্যুনাল গঠিত হইলে কোন গভর্ণমেন্টের পক্ষেই কাজ চালানো অসম্ভব হইয়া পড়িবে। যদি এই ধরণের ট্রাইব্যুনাল গঠিত হয়, তবে অভিযোগ ও পাল্টা অভিযোগ উঠিবে এবং ক্ষমতাসীন কোন ব্যক্তিই, অফিসারই হোন বা মন্ত্রীই হোন, এই অভিযোগ হইতে বাদ পড়িবেন কিনা আমার সন্দেহ আছে।" যখন সন্দেহ আছে, তখন কে কে এই ভাগ্যবান প্রধান মন্ত্রী মহাশয়ের কি তা ধরিয়া দুর্নীতিপরায়ণদের তফাৎ করিয়া কি **সত্যমেব জয়তে** বাক্যের সার্থকতা প্রমাণ করার ইচ্ছা হয় না?

---

## নেতাজী সুভাষচন্দ্র বসুর বক্তৃতা ও রচনাবলী

গত ১৮ই ডিসেম্বর লোকসভায় তথ্য ও বেতার মন্ত্রী ডাঃ বি. ভি. কেশকার জানান যে, নেতাজী সুভাষচন্দ্র বসুর বক্তৃতা ও রচনাবলী ১৯৬০ সালের মাঝামাঝি প্রকাশিত হইবে বলিয়া আশা করা যায়। তিনি আরও জানান যে, নেতাজীর বক্তৃতা ও রচনাবলী সংগ্রহ এবং তাহা প্রকাশে সাহায্য করার জন্য অধ্যাপক নির্ম্মলকুমার সিদ্ধান্তের সভাপতিত্বে একটি উপদেষ্টা কমিটি গঠন করা হইয়াছে। উহাতে সদস্যরূপে আছেন শ্রী জে. কে. ভোঁশলে, শ্রী এম. শিবরাম, শ্রী এস. এ. আয়ার এবং প্রকাশনা বিভাগের ডিরেক্টার। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## রিভিসন্যাল সেটেলমেণ্ট ম্যাপ

বর্ত্তমান রিভিসন্যাল সেটেলমেণ্টে প্রস্তুত, মুর্শিদাবাদ জেলার বিভিন্ন মৌজার নক্সা (ম্যাপ) জনসাধারণের সুবিধার্থে বহরমপুর সেটেলমেণ্ট হেড অফিস হইতে বিক্রয়ের ব্যবস্থা হইয়াছে। মূল্য প্রতি কপি দেড় টাকা। যে সকল মৌজার নক্সা (ম্যাপ) পাওয়া যাইবে তাহার তালিকা নিকটবর্ত্তী যে কোন সেটেলমেণ্ট কমপেনসেসন ক্যাম্পে বা সেটেলমেণ্ট হেড অফিসে দেখিতে পাওয়া যাইবে।

'জেলা প্রচার অফিস'

---

## রিক্সার সিট ও হ্যাণ্ডেল চুরি

গত ১১ই জানুয়ারী সোমবার রাত্রে রঘুনাথগঞ্জ চণ্ডীমণ্ডপের পিছন দিকের গলি রাস্তা হইতে শ্রীবিশ্বনাথ দাসের নূতন রিক্সার সিট ও হ্যাণ্ডেল চুরি গিয়াছে।

---

## সিঁদ চুরি


গত ২২শে পৌষ বৃহস্পতিবার রাত্রে রঘুনাথগঞ্জ বাজারপাড়ার শ্রীলক্ষ্মীনারায়ণ দাসের ঘরে সিঁদ দিয়া চোরে ঐ ঘরের জিনিষপত্র ও জামা কাপড় চুরি করিয়াছে।

---

## ট্রাকের চাপে বালকের মৃত্যু

বিগত ৩১শে ডিসেম্বর রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত সাহাজাদপুর গ্রামের শ্রীবক্রেশ্বর দাস মহাশয়ের ৬ বৎসর বয়স্ক পুত্র মাল বোঝাই ট্রাকে চাপা পড়িয়া সঙ্গে সঙ্গে মৃত্যুমুখে পতিত হইয়াছে। ট্রাকের সন্ধান পাওয়া যায় নাই। পুলিশ তদন্ত চলিতেছে।

---


আপনার চাষবাস জমিজমার জন্য ও নিজের ও পরিবারের
ভবিষ্যতের জন্য
সঞ্চয় করুন
এ সঞ্চয় আপনার ও দেশের কাজে লাগবে
জাতীয় সঞ্চয় সপ্তাহ
১। ১২—বছর মেয়াদী ন্যাশনাল প্ল্যান সেভিংস সার্টিফিকেট। ১০০৲ বার বছর পরে বেড়ে ১৬৫৲ হবে।
২। পোষ্ট অফিস সেভিংস ব্যাঙ্ক ডিপোজিট, সুদ বার্ষিক ২·৫০%।
৩। ১০—বছর মেয়াদী ট্রেজারী সেভিংস ডিপোজিট সার্টিফিকেট, সুদ বার্ষিক ৪%, প্রতি বৎসর দেওয়া হয়।
৪। ১৫—বছর মেয়াদী এন্যুইটি সার্টিফিকেট ২য় পর্যায়, বার্ষিক ৪·২৫% সুদসহ আসল টাকা ১৫ বছরে নিয়মিত ভাবে প্রতি মাসে পরিশোধ করা হয়।
৫। ক্রমবর্দ্ধমান নির্দ্দিষ্ট মেয়াদী পাশ বই পরিকল্পনা—৫ বছর অথবা ১০ বছর মেয়াদী এই পাশ বইতে জমানো ৫৲, ১০৲, ২০৲, ৫০৲, ১০০৲ ও ২০০৲ টাকার বিভিন্ন হারের মাসিক কিস্তিগুলির উপর মেয়াদ অন্তে মোটা হারে সুদ পাওয়া যায়।
এই কটির মধ্যে যে কোন একটি বা সব কটিই নিতে পারেন
বিশেষত্ব:
যে টাকা আপনি স্বল্প সঞ্চয় পরিকল্পনায় নিয়োগ করবেন তার ২/৩ অংশ আপনারই গ্রামের স্বাস্থ্যকেন্দ্র, ক্ষুদ্র জলসেচ ও নলকূপ বা অন্যান্য উন্নয়নমূলক কাজে ব্যয় হবে।
বিস্তারিত জানতে হলে রিজিওন্যাল ন্যাশনাল সেভিংস অফিসার, হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা-১৩, পোষ্ট অফিসগুলি এবং আপনার ব্লক উন্নয়ন অফিসে অনুসন্ধান করুন।
পশ্চিম বঙ্গ সরকার কর্তৃক প্রচারিত
WBG-28

### ১লা জানুয়ারী হইতে
## হলদে আনি ও আধ আনি বাতিল

১লা জানুয়ারী (১৯৬০) হইতে হলুদ রংয়ের নিকেল-পিতলের এক আনি ও আধ আনি বাতিল হইয়াছে তবে আগামী ৩০শে জুন (১৯৬০) পর্য্যন্ত এই সকল আনি ও আধ আনি রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার সকল অফিস, ইহার এজেন্সী ব্যাঙ্ক এবং সরকারী ট্রেজারী ও সাব-ট্রেজারীতে লওয়া হইবে। এই সময় রেলওয়ে অফিস ও ডাকঘরেও এগুলি লওয়া হইবে। উক্ত ছয় মাস পরেও পুনরায় বিজ্ঞপ্তি না দেওয়া পর্য্যন্ত রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার ইসু বিভাগ এই মুদ্রাগুলি গ্রহণ করিবে।

প্রেঃ ইঃ ব্যুঃ

---

## অবসরপ্রাপ্ত বৈজ্ঞানিকদের গবেষণার সুবিধা দান

অবসরপ্রাপ্ত বৈজ্ঞানিকদের কৃষি, পশু পালন ও আনুষঙ্গিক বিজ্ঞানে গবেষণা চালাইয়া যাইবার জন্য সুবিধা দানের একটি পরিকল্পনা ভারতীয় কৃষি গবেষণা পরিষদের পরিচালক সভার এক বৈঠকে অনুমোদিত হইয়াছে। আগামী দুই তিন বৎসরে গবেষণার জন্য কতকগুলি পরিকল্পনাও এই বৈঠকে অনুমোদিত হইয়াছে। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## নূতন কম্পট্রোলার এবং অডিটর-জেনারেল

রাষ্ট্রপতি শ্রীঅরুণকুমার রায়কে শ্রীঅশোককুমার চন্দের স্থলে ভারতের নূতন কম্পট্রোলার এবং অডিটর-জেনারেল নিযুক্ত করিয়াছেন। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## ভারতে রোল্‌স্ রয়েস ইঞ্জিন নির্মাণ ব্যবস্থা

রোল্‌স্ রয়েস্ কোম্পানীর সহিত অনুষ্ঠিত এক চুক্তি অনুযায়ী ভারতে রোল্‌স্ রয়েস্ ডার্ট ইঞ্জিন নির্মিত হইবে। ইহার ফলে এদেশে এভরো ৭৪৮ মালবাহী বিমান নির্মাণ করা যাইবে। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে সুষ্ঠু বোঝাপড়া থাকা উচিত

প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহরু শিক্ষা সম্পর্কিত দশম বিশ্বসম্মেলনে বক্তৃতাকালে শিক্ষক ও শিক্ষার্থীর একটা সুষ্ঠু বোঝাপড়ার ভাবসৃষ্টির প্রয়োজনীয়তা উল্লেখ প্রসঙ্গে বলেন যে, সুশিক্ষার দ্বারা মানুষের মন ও বুদ্ধিকে ঠিকপথে চালিত করা সম্ভব। এজন্য চাই বহু সংখ্যক বিশেষ শিক্ষাপ্রাপ্ত শিক্ষক। শীঘ্রই এইরূপ চাহিদা মিটানো সম্ভব হইবে এ বিষয়ে শ্রীনেহরু নিশ্চিত। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সমাবর্ত্তন উৎসবে শ্রীনেহরু বলেন যে, শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে যে শ্রদ্ধার সম্পর্ক থাকা প্রয়োজন তাহাতে ত্রুটি রহিয়াছে বলিয়াই ছাত্রদের মধ্যে এক অসন্তোষ দেখা যাইতেছে। সেই কারণে উভয়ের মধ্যে বন্ধুত্ব সম্পর্ক স্থাপন প্রয়োজন।

প্রেঃ ইঃ ব্যুঃ

---

## প্রত্যেক সহরে প্রামাণ্য চিত্র দেখাইবার ব্যবস্থা

নয়াদিল্লীতে প্রামাণ্য চিত্রের উৎসব উদ্বোধনে তথ্য ও বেতার মন্ত্রী ডাঃ কেশকার বলেন যে, প্রত্যেক বড় সহরে প্রামাণ্য চলচ্চিত্র দেখাইবার ব্যবস্থা করা হইবে। ইহার ফলে জনসাধারণ স্বল্প মূল্যে চলচ্চিত্র উপভোগ করিবার সুযোগ পাইবেন। বোম্বাই, কলিকাতা এবং মাদ্রাজে শীঘ্রই দিনে এক ঘণ্টা করিয়া এইরূপ চিত্র প্রদর্শনীর ব্যবস্থা হইবে বলিয়া তিনি জানান। ডাঃ কেশকার বলেন, ভারতের ফিল্মস্ ডিভিসন পৃথিবীর মধ্যে সর্বাধিক প্রামাণ্য চিত্র নির্মাণ করিয়া থাকে। এদেশে প্রতি বৎসর ২১০টি প্রামাণ্য চিত্র নির্মিত হইতেছে।

প্রেঃ ইঃ ব্যুঃ

---

## পশ্চিম বঙ্গের ছয়টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে ১ লক্ষ ৭১ হাজার টাকা সাহায্যদান

কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রণালয় পশ্চিম বঙ্গে আরও ছয়টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে ১,৭১,১০০ টাকা সাহায্য মঞ্জুর করিয়াছেন। শিক্ষা প্রতিষ্ঠানগুলি হইল রায়গঞ্জের পার্বতী দেবী বালিকা উচ্চ বিদ্যালয় ও রামকৃষ্ণ বিদ্যাভবন, শিলিগুড়ির শিলিগুড়ি কলেজ, জলপাইগুড়ির জলপাইগুড়ি উচ্চ বিদ্যালয় ও কদমতলা বালিকা উচ্চ বিদ্যালয় এবং পশ্চিম দিনাজপুরের গয়ালাল রামহরি উচ্চ বিদ্যালয়। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## দুর্গাপুরে চশমার কাচের কারখানা

গত ১৭ই ডিসেম্বর রাজ্যসভায় শ্রী মনুভাই শাহ জানান যে, চশমার কাচ ও বীক্ষণ কাচ পরিকল্পনার রিপোর্ট পাওয়া গিয়াছে এবং তাহা সরকার বিবেচনা করিয়া দেখিতেছেন। ভারতীয় বৈজ্ঞানিকগণ ইতিপূর্বে বাণিজ্য চালাইবার মত অধিক হারে চশমার কাচ নির্মাণের পদ্ধতি উদ্ভাবন করিয়াছেন বলিয়া বীক্ষণ কাচ ও বিশেষ ধরণের কাচ নির্মাণের পরিকল্পনা পরিবর্তন ও সংশোধনের প্রস্তাব করা হইয়াছে। প্রেঃ ইঃ ব্যুঃ

---

## মহিলাগণের সভা

গত ৮।১।৬০ তারিখে ফরাক্কা থানার অর্জ্জুনপুর ইউনিয়নে পশ্চিম বঙ্গ সমাজ মঙ্গল বোর্ডের চেয়ারম্যান শ্রীমতী ফুলরাণী গুহ, এক বিরাট জনসভা করেন। সভায় সহস্রাধিক কেবল মহিলা সমাগম হইয়াছিল। শ্রীমতী গুহ এই সভার উদ্দেশ্য বর্ণনা করিয়া স্থানীয় একটি সমিতি গঠন করিতে বলেন এবং প্রত্যেক ইউনিয়নে প্রয়োজনীয় কর্ম্মীসহ কয়েকটি কেন্দ্র খুলিবার ব্যবস্থা করেন। অত্রস্থ অধিবাসিনীদের এই অভূতপূর্ব্ব সাড়াতে তিনি মুগ্ধ হন এবং এই সমাজচেতনার ভূয়সী প্রশংসা করেন। মহকুমা শাসক শ্রীচৌধুরী বর্ত্তমান পরিস্থিতিতে নারীজাতিদের করণীয় সম্বন্ধে বিশেষভাবে বর্ণনা করেন। সভায় বি. ডি. ও. ছাড়া বহু সরকারী ও বেসরকারী লোকের সমাগম হয়। শেষে উক্ত ইউনিয়নের প্রেসিডেন্ট শ্রীছেদিভূষণ দাসকে এই অনুষ্ঠানের সাফল্যের জন্য ধন্যবাদ দেওয়া হয়।

'সংবাদদাতা'

**শীতের দিনে-ও**

ল্যানোলিন-যুক্ত বোরোলীন
আপনার ত্বক-কে সজীব রাখবে



শীতের কন্‌কনে হাওয়ার হাত থেকে স্বাভাবিক সৌন্দর্য্য রক্ষা করতে বোরোলীন-ই হচ্ছে আদর্শ ফেস্ ক্রীম। নিয়মিত ব্যবহারে, ওষধিগুণ-যুক্ত, সুরভিত বোরোলীনের সক্রিয় উপাদান ত্বক-কে কোমল, মসৃণ ও সজীব ক'রে তুলবে আর আপনার অন্তর্লীন স্বাভাবিক সৌন্দর্য্যকে বিকশিত করবে। বোরোলীনের যত্নে নিজেকে রূপোজ্জ্বল করুন।

**বোরোলীন**
পরম প্রসাধন




বোরোলীনে—ল্যানোলিন আছে বলে শীতের দিনে-ও গাল, হাত ও ঠোঁটফাটার হাত থেকে রক্ষা করে আর রুক্ষতম ত্বকের-ও লাবণ্য বৃদ্ধি করে।

পরিবেশক : জি, দত্ত এণ্ড কো: ১৬, বনফিল্ড লেন • কলিকাতা-১

adarts/59

## স্বল্প সঞ্চয় পরিকল্পনায় অর্থ বিনিয়োগ দ্বারা জাতীয় সমৃদ্ধি গ'ড়ে তু'লতে সহায়তা করুন এবং নিজেও লাভবান হো'ন

পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে ভারতবর্ষ জুড়ে চলেছে দেশকে নূতন ক'রে গ'ড়ে তোলার কাজ। এই কাজের সার্থক রূপায়ণে গ'ড়ে উঠবে দেশের সমৃদ্ধি, তথা জনসাধারণের সর্ব্বাঙ্গীন উন্নতি। বিরাট দেশের এই উন্নয়নমূলক পরিকল্পনাগুলিকে বাস্তবে রূপ দিতে যে পরিমাণ অর্থের প্রয়োজন—সরকারের হাতে সেই বিপুল অর্থের সংস্থান কোথায়? অর্থ নেই ব'লে কি এই কল্যাণময় রাষ্ট্রের উন্নয়নের কাজ বন্ধ থাকতে পারে? সরকার জানেন যে এই দেশ জনসাধারণের এবং এই দেশের উন্নয়নে যে টাকার প্রয়োজন হবে তাও আসবে জনসাধারণের কাছ থেকে; এই আশা ক'রেই সরকার স্বল্প সঞ্চয় পরিকল্পনা গ্রহণ ক'রেছেন। এতে দেশের প্রতিটি লোক তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ের দ্বারা এই জাতীয় পুনর্গঠনের অংশীদার হ'তে পারবে। এদ্বারা একদিকে জাতীয় সমৃদ্ধিও গ'ড়ে উঠবে আবার অপরদিকে দেশের জনসাধারণও অতুলনীয় আত্মপ্রসাদ লাভ ক'রবে এই বলে যে, এই বিরাট দেশের গঠনমূলক কাজে তারাও দিতে পেরেছে সক্রিয় সাহায্য। দেশের প্রতিটি লোক যাতে তাদের আয়ের ক্ষুদ্রতম অংশ জমিয়েও এই সঞ্চয় পরিকল্পনায় বিনিয়োগ ক'রতে পারে, সেই দিকে নজর রেখেই এ পরিকল্পনা রচনা করা হয়েছে। মনে করুন, সাপ্তাহিক ব্যয়ের থেকে মাত্র ২৫ নয়া পয়সা বাঁচাতে পেরেছেন—তাতেই চ'লবে। তখনই ডাকঘর থেকে ২৫ নয়া পয়সা মূল্যের একখানা সেভিংস ষ্ট্যাম্প সংগ্রহ করুন। এইভাবে ৫ টাকা মূল্যের ষ্ট্যাম্পের পরিবর্ত্তে আপনি পেতে পারেন, ৫ টাকা মূল্যের একখানা ১২ বৎসরের মেয়াদী ন্যাশনাল প্ল্যান সেভিংস্ সার্টিফিকেট। আর ১২ বৎসর বাদে ঐ সার্টিফিকেট ভাঙালে আপনি পাবেন ৮'২৫ নয়া পয়সা। এরূপ সুন্দর ব্যবস্থা থাকায় যেমন দেশের উন্নয়নের সহায়তা হবে, তেমনি আবার আপনাদের লাভ হবে অনেক। এ ছাড়া, পরোক্ষ ফল হিসাবে দেশের লোক শিখবে নিজের সঞ্চয়কে বাড়িয়ে তুলতে। এমন কি, এতে ছোট ছোট ছেলে-মেয়েদের মধ্যে আসবে সঞ্চয়ের প্রবণতা। আর লোকের ভবিষ্যৎ জীবনের অর্থনৈতিক ভিত্তিও হবে সুদৃঢ়।

এই পরিকল্পনায় যে, নানাভাবে টাকা খাটান সম্ভব—তা' হ'লো, ১২ বছর মেয়াদী ন্যাশনাল প্ল্যান সেভিংস্ সার্টিফিকেট; ১০ বছর মেয়াদী ট্রেজারী সেভিংস্ ডিপোজিট সার্টিফিকেট; ১৫ বছর মেয়াদী এ্যানুইটি সার্টিফিকেট; পোষ্ট অফিস পাশ বই এবং ক্রমবর্ধমান নির্দ্দিষ্ট মেয়াদী পাশ বই পরিকল্পনা।

এই প্রসঙ্গে মুর্শিদাবাদ জেলাবাসীদের জানাতে চাই যে, এই জেলাতে স্বল্প সঞ্চয় পরিকল্পনা এরই মধ্যে প্রসার লাভ ক'রেছে—জেলার প্রায় সর্ব্বত্রই জনসাধারণের মধ্যে উৎসাহ দেখা যাচ্ছে এই পরিকল্পনায় অর্থ বিনিয়োগ করার জন্য। এই জেলাতেই, গত ১৯৫৮-৫৯ সালের হিসাবে দেখা যায় যে মাত্র এক বছরেই এই পরিকল্পনার বিভিন্ন সার্টিফিকেট মারফত সরকারের কাছে ৯১৪৭৬৫ টাকা নীট জমা এসেছে। আশা করি, আপনারা আরও বিপুল উৎসাহে জাতীয় সমৃদ্ধির সহায়তার জন্য নিজের সঞ্চয়কে বাড়িয়ে স্বল্প সঞ্চয় পরিকল্পনায় অর্থ বিনিয়োগ ক'রবেন। মনে রাখবেন, প্রতিটি দেশের লোকের পক্ষে, দেশের এই বিরাট পুনর্গঠনের কাজে সহযোগিতা একমাত্র স্বল্প সঞ্চয় পরিকল্পনায় অর্থ বিনিয়োগ ক'রেই সম্ভব। এই ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ের পেছনে রয়েছে এক মহান জাতীয় ব্রত—সেই মহান ব্রতকে সার্থক ক'রে তোলার দায়িত্বও দেশবাসীর। আগামী ১২ই জানুয়ারী হইতে ১৮ই জানুয়ারী পর্য্যন্ত এই মহান ব্রতের সংকল্প গ্রহণ করার জন্য এই জেলার সর্ব্বত্র সঞ্চয় সপ্তাহ প্রতিপালিত হ'বে। জেলাবাসীদের নিকট আমার আবেদন, যেমন ছোট ছোট দীপ জ্বেলে দীপালী উৎসব হয়, এই সঞ্চয় সপ্তাহে আপনারাও সংকল্প গ্রহণ করুন ছোট ছোট সঞ্চয় দিয়ে জাতীয় বৈভব গ'ড়ে তোলার।

সঞ্চয় সপ্তাহে সরকারের তরফ থেকে জেলার প্রচার দপ্তর নানাভাবে এই পরিকল্পনার তাৎপর্য্য ও কার্য্যক্রম আপনাদের কাছে বিশ্লেষণ ক'রবে। এই স্বল্প সঞ্চয় পরিকল্পনা আন্দোলনকে জেলাব্যাপী গ'ড়ে তোলার যে আয়োজন চলেছে আশা করি আপনারা তাতেও সহযোগিতা করবেন। এই সকল সার্টি-ফিকেট বিক্রয়ের জন্য শতকরা ১'২৫ নয়া পয়সা হারে কমিশন এজেণ্ট নিযুক্ত করা হয়। এ বিষয়ে সকল প্রকার সহযোগিতা ব্লক ডেভলপমেণ্ট অফিসার ও জেলা সেভিংস্ অরগানাইজারের কাছ থেকে পাওয়া যাবে।

বহরমপুর ভি, এস্, সি, বনার্জ্জী
৭।১।৬০ জেলা সমাহর্ত্তা, মুর্শিদাবাদ।

'জেলা প্রচার অফিস' হইতে প্রচারিত।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।



সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, স্থতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥• টাকা ও মাশুলাদি ১৶• এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ জি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।